অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আজ রকল্যান্ড কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট THRUWAY-এ 18.4 মিলিয়ন ডলারের ফুটপাথ উন্নতিসাধনের প্রকল্পের কাজের উল্লেখযোগ্য সমাপ্তী সম্পর্কে আপডেট প্রদান করেছেন।

প্রকল্পটিতে Interstate 87 এর 30 লেন মাইলেরও বেশি মেরামত ও সারফেসিং অন্তর্ভুক্ত, ফটো এখানে পাওয়া যাবে

নিরাপত্তার উন্নতির মধ্যে রয়েছে সেতুবন্ধনের কাজ, নতুন গাইড রেল এবং রিফ্লেকটিভ লাইন স্ট্রিপিং

গভ. Mario M. Cuomo সেতু এবং অরেঞ্জ কাউন্টিতে Exit 16 এর মধ্যে পুরো 30-মাইল থ্রুওয়ে সেকশনটি 2022 সাল থেকে সংস্কার করা হয়েছে, যা প্রায় 200 মোট লেন মাইল

প্রকল্পটি 2024 সালে NYS থ্রুওয়ে সিস্টেমে 451 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ করা মূলধনী বিনিয়োগের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ রকল্যান্ড কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের (I-87) 18.4 মিলিয়ন ডলারের ফুটপাথ উন্নতিসাধনের প্রকল্পের কাজের উল্লেখযোগ্য সমাপ্তীর কথা ঘোষণা করলেন। এক্সিট 14A-এর উত্তর (নিউ জার্সি - গার্ডেন স্টেট পার্কওয়ে) থেকে এক্সিট 15-এর দক্ষিণে (নিউ জার্সি - I-287 - নিউ জার্সি রুট 17 দক্ষিণ)-এর মধ্যে একটি পাঁচ মাইল সম্প্রসারণ বরাবর মোট 30 লেন মাইলেরও বেশি ফুটপাথ মেরামত এবং রিসার্ফেসিং এর কাজ সম্পূর্ণ করেছে। এই করিডরে প্রতিদিন প্রায় 116,000টি যানবাহন যাতায়াত করে। প্রকল্পটি 2024 সালের থ্রুওয়ে সিস্টেমে প্রতিশ্রুতিবদ্ধ মূলধন বিনিয়োগের 451 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অংশ।

"আমাদের পরিবহন পরিকাঠামোতে ক্রমাগত বিনিয়োগের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে, যাত্রী থেকে পর্যটক থেকে বাণিজ্যিক যানবাহন, যারা ভ্রমণ করেন তাদের সকলের জন্যই Empire State (এম্পায়ার স্টেট) নির্ভরযোগ্য রয়েছে," **Governor Hochul (গভর্নর হোকল) বলেছেন।** "রকল্যান্ড কাউন্টির মধ্য দিয়ে এবং অরেঞ্জ কাউন্টির মধ্যে I-287 করিডোরটি থ্রুওয়ের সবচেয়ে বেশি ব্যবহৃত অংশগুলির মধ্যে একটি এবং এই রাস্তার চলমান উন্নতিগুলি হাডসন ভ্যালিতে নিরাপত্তা বৃদ্ধি এবং অর্থনৈতিক সুযোগ বাড়াতে সহায়তা করবে।"

2022 সাল থেকে, কর্তৃপক্ষ অরেঞ্জ কাউন্টিতে রকল্যান্ড কাউন্টির গভর্নর মারিও এম. কুওমো ব্রিজের (Governor Mario M. Cuomo Bridge) মধ্যে এক্সিট 16 (হ্যারিম্যান - US Route 6 - NY Route 17) এর মধ্যে অনেকগুলি পরিবর্তন সহ উভয় দিকের থ্রুওয়েকে সম্পূর্ণরূপে সংস্কার করেছে৷ এটি প্রতিটি দিকে 30 মাইলের বেশি রাস্তা এবং প্রায় 200 মোট লেন মাইলের প্রতিনিধিত্ব করে। রকল্যান্ডে গার্ডেন স্টেট পার্কওয়ে কানেক্টর (Garden State Parkway Connector) এর 2.4 মাইল সম্প্রসারণটিও 2022 সালে সংস্কার করা হয়েছিল।

উপরন্তু, অরেঞ্জ কাউন্টিতে হ্যারিম্যানে এক্সিট 16 থেকে নিউবার্গে হ্যারিম্যান 17 (নিউবার্গ - স্ক্র্যান্টন - I-84 - NY Routes 17K এবং 300) এর মধ্যে একটি 36.6 মিলিয়ন মার্কিন ডলার ফুটপাথ উন্নয়ন প্রকল্প, যা 12 মাইল — বা 48 লেন মাইলকে কভার করবে — তার কাজ চলছে। উত্তরমুখী রাস্তা বাধানোর কাজ সম্পূর্ণ হয়েছে; দক্ষিণমুখী রাস্তার মেরামত এবং বাধানোর কাজ পরের বসন্তকালে করা হবে।

থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) নির্বাহী পরিচালক Frank G. Hoare (ফ্রাঙ্ক জি হোয়ারে) বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বে, অথরিটির ক্যাপিটাল প্রোগ্রাম (Capital Program), আগামী পাঁচ বছরে হাডসন ভ্যালির অবকাঠামো প্রকল্পে প্রায় 503 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। রাস্তা বাধানোর প্রকল্পগুলি রাস্তার উন্নতি করে এবং নিরাপত্তা বৃদ্ধি করে, স্থিতিস্থাপকতা গড়ে তুলে এবং আমাদের সিস্টেমের আয়ু বৃদ্ধি করে জীবনযাত্রার মানের পরিবর্তন করে।"

স্টেট সিনেটর Bill Weber (বিল ওয়েবার) বলেন, "এই ব্যস্ত রাস্তাগুলির মেরামত এবং বাধানোর কাজকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের নেতৃত্বের জন্য, আমিও রামাপো টাউনের এক্সিট 14A এবং এক্সিট 15 এর মধ্যে ভ্রমণকারী অনেক বাসিন্দা এবং যাত্রীদের সাথে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমার অফিস থ্রুওয়ে কর্তৃপক্ষের সাথে তার অংশীদারিত্বকে গুরুত্ব দেয় এবং 38তম সিনেট ডিস্ট্রিক্টে রাস্তার ক্রমাগত উন্নতি, ফুটপাত সংযোজন এবং যেখানে প্রয়োজন সেখানে শব্দ আটকানোর জন্য বাধাগুলি সংযোজন করাকে অনবরত সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

অ্যাসেম্বলিমেম্বার Karl Brabenec (কার্ল ব্রাবেনেক) বলেন, "এই 18.4 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির পুরুষ ও মহিলাদের প্রতিশ্রুতি এবং কঠোর পরিশ্রমকে তুলে ধরে যারা আমাদের রাস্তাগুলিকে নিরাপদ এবং অসাধারণ অবস্থায় রাখতে প্রত্যাশা বা চাহিদার অতিরিক্ত সহায়তা করেন৷ রকল্যান্ডের 287-এর এই প্রসারিত অংশে নতুন ফুটপাথটি প্রতিদিন এর উপর নির্ভরশীল হাজার হাজার ড্রাইভারের জন্য সত্যিকারের পার্থক্য তৈরি করবে, যাদের মধ্যে অনেকেই আমার এলাকার ভোটার। আমি স্টেটের অবকাঠামোর রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য আমি গভর্নর হোকল এবং থ্রুওয়ে কর্তৃপক্ষকে তাদের নিরলস প্রতিশ্রুতির জন্য সাধুবাদ জানাই৷"

সাম্প্রতিকতম রকল্যান্ড কাউন্টি প্রকল্পের অংশ হিসাবে — মাইলপোস্ট 24.0 থেকে 29.4 পর্যন্ত — কর্মীরা রাস্তার উভয় দিকের চাপযুক্ত এলাকাগুলির সমাধান করেছেন এবং একটি উন্নত যান চলাচলের অভিজ্ঞতার জন্য একটি দুই-ইঞ্চি পীচের আস্তরণ ইনস্টল করেছে, যার মধ্যে এক্সিট 14B এর উপর র‍্যাম্পগুলি (এয়ারমন্ট - মন্টেবেলো - এয়ারমন্ট রোড) রয়েছে। নিরাপত্তার

উন্নয়নগুলোর মধ্যে রয়েছে নতুন গাইডরেল, সেতুর সংযোগকরার কাজ,রিফ্লেক্টিভ লাইন স্ট্রিপিং এবং লেন বর্ণনাকারীগুলো বদলানো।

JRCRUZ Corp. (জেআরসিআরিউজেড কর্পোরেশন) এই প্রকল্পের ঠিকাদার ছিল।

থ্রুওয়ে কর্তৃপক্ষ সম্পর্কে

1950 দশকের শুরুর দিকে নির্মিত গভর্নর টমাস ই ডিউই থ্রুওয়ে (Governor Thomas E. Dewey Thruway) হলো জাতীয় ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের সবথেকে পুরোনো অংশগুলির একটি এবং দেশের দীর্ঘতম টোলযুক্ত রাস্তাগুলির একটি। থ্রুওয়ে সিস্টেমের রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার অর্থ মূলত টোল থেকে আসে। থ্রুওয়ে কর্তৃপক্ষ কোনো নিবেদিত ফেডারেল, স্টেট, বা স্থানীয় ট্যাক্স ডলার লাভ করে না এবং থ্রুওয়েতে যারা গাড়ি চালান তাদেরকে জন্য অর্থ প্রদান করতে হয়, এর মধ্যে এক তৃতীয়াংশ চালক স্টেটের বাইরে থেকে আসেন।

থ্রুওয়ে অথরিটির 2025 এর অনুমোদিত বাজেট 2025 সালে শুরু হওয়া থ্রুওয়ে সিস্টেম জুড়ে মূলধনী প্রকল্পগুলির জন্য মোট 477.3 মিলিয়ন মার্কিন ডলার নিবেদিত তহবিল বিনিয়োগ করে, যা 2024 সালের অনুমোদিত বাজেটের তুলনায় 33 মিলিয়ন মার্কিন ডলার বেশি। বর্ধিত বিনিয়োগের ফলে থ্রুওয়ের 2,800 ফুটপাথ লেন মাইলের মধ্যে আনুমানিক 61 শতাংশ কাজ হবে এবং সেইসাথে থ্রুওয়ের 817টি ব্রিজের মধ্যে আনুমানিক 20 শতাংশে প্রতিস্থাপন বা সংস্কারের কাজ হবে।

থ্রুওয়ে দেশের সবথেকে নিরাপদ রাস্তার মধ্যে অন্যতম এবং এখানকার মৃত্যুহার দেশব্যাপী ইনডেক্সের তুলনায় অনেক কম, এবং অনুরূপ টোলের রাস্তার তুলনায় থ্রুওয়ের টোলের হার দেশের সবথেকে কম হারের মধ্যে একটি। ওহায়ো টার্নপাইক (Ohio Turnpike) (প্রতি মাইলে 0.06 মার্কিন ডলার), নিউ জার্সি টার্নপাইক (New Jersey Turnpike) (প্রতি মাইলে 0.12 মার্কিন ডলার এবং 0.32 মার্কিন ডলার) এবং পেনসিলভ্যানিয়া টার্নপাইকের (Pennsylvania Turnpike) (প্রতি মাইলে 0.15 মার্কিন ডলার) থ্রুওয়ের মূল যাত্রী যানবাহনের টোলের হার হলো প্রতি মাইলে 0.05 মার্কিন ডলারের কম।

আমাদের কর্মচারীদের ও গ্রাহকদের নিরাপত্তা থ্রুওয়ে অথরিটির শীর্ষ অগ্রাধিকার। 2024 সালে, থ্রুওয়েতে কাজ করার জন্য থ্রুওয়ে অথরিটির দুইজন কর্মচারী নিহত হয়েছেন এবং পৃথক আরেকটি ঘটনায় আরেকজন কর্মচারী গুরুতরভাবে আহত হয়েছেন। থ্রুওয়ে অথরিটির কর্মচারী, সড়কপথের শ্রমিক ও জরুরি সেবাদানকারী কর্মীদের জীবন হাইওয়ে দিয়ে ভ্রমণকারী সবার উপর নির্ভর করে। গাড়ি চালকদের উচিত গাড়ি চালানোর সময় সতর্ক থাকা এবং মনোযোগ দেওয়া, ওয়ার্ক জোনগুলোতে গতি কমিয়ে দেওয়া এবং সড়কের পাশে কোনো যানবাহন দেখলে পথ ছেড়ে দেওয়া। স্টেটের পথ ছেড়ে দেওয়ার আইন, যা 2024 সালের মার্চ মাসে সম্প্রসারণ করা হয়েছে, সড়কের পাশে থেমে থাকা সব যানবাহনের ক্ষেত্রে গাড়ি চালকদের জন্য গতি কমানো এবং পথ ছেড়ে দেওয়া আবশ্যক করেছে। নিরাপত্তা একটি শেয়ার করা দায়িত্ব।

সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য মোটরচালকদেরকে থ্রুওয়ে কর্তৃপক্ষের মোবাইল অ্যাপ ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা আইফোন এবং এন্ড্রয়েড ব্যবহারকারীদের

জন্য উপলভ্য আছে। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। ভ্রমণকারীগণ থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ ট্রাভেলার ম্যাপটিও ভিজিট করতে পারবেন যাতে লাইভ ট্র্যাফিক ক্যামেরার বৈশিষ্ট্য আছে। মোটরচালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেলগুলির জন্যও সাইন আপ করতে পারেন, যা থ্রুওয়ে বরাবর সাম্প্রতিক যানবাহনের পরিস্থিতি জানায়।

আরও তথ্যের জন্য, Facebook, X, আগে নাম ছিল Twitter এবং Instagram-এ থ্রুওয়েকে অনুসরণ করতে পারেন, বা থ্রুওয়ে ওয়েবসাইট ভিজিট করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন